## পশ্চিমবঙ্গ সরকারী কর্মচারী সমিতিসমূহের

# রাজ্য কো-অর্ডিনেশন কমিটি

কেন্দ্রীয় অফিস ঃ
"কর্মচারী ভবন"
১০এ, শাঁখারীটোলা স্ট্রীট
কলকাতা - ৭০০ ০১৪
ফোন ঃ ২২৬৫-০৯২৬/২২৬৪-৯৫৯৩
ফ্যাক্স নং ঃ ০৩৩-২২১৭-৫৫৮৮
e-mail : stcoorco@bsnl.in

সার্কুলার নং : ০৫ / ১৬

তারিখ : ৯ ডিসেম্বর,২০১৬

কমরেড সাধারণ সম্পাদক / সম্পাদক

............................................................................ এসোসিয়েশন/ইউনিয়ন/সমিতি/জেলা/ অঞ্চল

প্রিয় সাথী,

আপনারা ইতোমধ্যে ৩ নং সার্কুলার তারিখ ৩ অক্টোবর, ১৬ -এর মাধ্যমে রাজ্য কো-অর্ডিনেশন কমিটির অষ্টাদশ রাজ্য সম্মেলন সংক্রান্ত কিছু তথ্য এবং বিষয় সম্পর্কে অবহিত হয়েছেন। রাজ্য সম্মেলন সম্পর্কে আরও কিছু গুরুত্বপূর্ণ প্রাসঙ্গিক বিষয় ও করণীয় সম্পর্কে আপনাদের জানানো হল :-

১। জেলা, অঞ্চল এবং সমিতিগুলি থেকে সর্বোচ্চ ১০ জন করে নির্বাচিত / নির্ধারিত প্রতিনিধি প্রতিনিধিত্ব করবেন। এছাড়া জেলা/অঞ্চল স্তরে যাঁরা সম্পাদক ও যুগ্ম-সম্পাদক হিসেবে বিগত ৩ বছর দায়িত্ব পালন করেছেন কিন্তু এবারে পদাধিকারী হিসাবে প্রতিনিধি নির্বাচিত হতে পারেন নি তাঁরা প্রতিনিধি হিসাবে যেতে পারবেন। এ প্রসঙ্গে উল্লেখ করা যেতে পারে যে রাজ্য কাউন্সিল সভার সিদ্ধান্ত অনুযায়ী বিশেষ পরিস্থিতিতে গঠনতন্ত্রের প্রতিনিধি সংক্রান্ত ৯ (খ) ধারা সাময়িকভাবে অকার্যকর (in operative) থাকবে। ৯ (ঘ) ধারা অনুযায়ী এবারে কোন দর্শক প্রতিনিধি থাকবে না। নির্ধারিত সহযোগী ও অন্যান্য বোর্ড-কর্পোরেশনগুলি থেকে ১ জন করে প্রতিনিধিত্ব করবেন।

পশ্চিমবঙ্গ পঞ্চায়েত কর্মচারী সমিতিসমূহের যৌথ কমিটি এবং পশ্চিমবঙ্গ রাজ্য সরকারী পেনশনার্স সমিতির পক্ষ থেকে ১০ জন কমরেড প্রতিনিধিত্ব করবেন।

২। সকল প্রতিনিধিদের ২৪ ডিসেম্বর,১৬ সাধারন ভাবে সন্ধ্যের মধ্যে উপস্থিত হতে হবে।

৩। সম্মেলনে নির্বাচিত / নির্ধারিত প্রতিনিধিদের তালিকা, ট্রেনের নাম, পৌছানোর ও ফেরার সময় ভাত বা রুটির প্রয়োজনাদি ও অন্যান্য খুঁটিনাটি বিষয় আগেভাগেই অভ্যর্থনা কমিটির কাছে পৌছে দিতে হবে।প্রয়োজনে ই-মেলে তথ্যাদি পাঠানো যেতে পারে। ই-মেল আই.ডি হল - **msdscc@gmail.com.**

৪। ডিসেম্বর মাসের শেষ সপ্তাহে মুর্শিদাবাদের তাপমাত্রা থাকবে গড়ে-৫ ডিগ্রি সেলসিয়াস (গত ১০ বছরের গড়)। তাই প্রয়োজনীয় শীতবস্ত্রাদি, বিছানা, রাতে শয়নের জন্য প্রয়োজনীয় কম্বল, নিজস্ব ব্যবহারের ওষুধ ইত্যাদি সঙ্গে নিতে হবে।

৫। সম্মেলনের প্রতিনিধি ফি নির্ধারিত হয়েছে **প্রতিনিধি পিছু ১০০ টাকা** এবং সম্মেলন উপলক্ষ্যে **সংগ্রামী হাতিয়ার বিশেষ সংখ্যা বাবদ্ ৫০ টাকা** ।

৬। সম্মেলনে আলোচনার জন্য জেলা / অঞ্চল / সমিতি সর্বাধিক ১০ মিনিট সময় পাবেন।

৭। সম্মেলনের কাজ শুরু হবে ২৫ ডিসেম্বর,১৬ ঠিক সকাল ৯ টায় এবং শেষ হবে ২৭ ডিসেম্বর,১৬ দুপুর ১২-৩০ মিঃ নাগাদ। প্রকাশ্য অধিবেশন শুরু হবে ২৭ ডিসেম্বর,১৬ বেলা ২ টায় । বিকেল ৪ টের মধ্যে প্রকাশ্য অধিবেশনের কাজ শেষ হবে। সম্মেলনের সমস্ত প্রতিনিধিদের প্রকাশ্য অধিবেশনে উপস্থিতি নিশ্চিত করতে হবে।

৮। পাশ্ববর্তী জেলাগুলি থেকে কর্মচারী ও অবসরপ্রাপ্তরা বাসে করে আসবেন। এ ব্যাপারে সংশ্লিষ্ট জেলা প্রশাসনিক কর্তৃপক্ষকে চিঠি দিয়ে জানানো হয়েছে।

৯। সম্মেলনে প্রত্যেক প্রতিনিধিকে ন্যূনতম ৩০০ টাকার প্রগতিশীল পুস্তক কিনতে হবে।

১০। রাজ্য কো-অর্ডিনেশন কমিটির রাজ্য সম্মেলনের প্রতিনিধি হিসাবে প্রত্যেক প্রতিনিধি সম্মেলনের আদর্শ আচরণ বিধি মেনে চলবেন। সময়ানুবর্তিতা, শৃঙখলা, নিয়মনিষ্ঠতা এবং সতর্কতা রক্ষা করে চলবেন। এ ব্যাপারে দলনেতাদের প্রয়োজনীয় ভূমিকা নিতে হবে।

আশাকরি, বর্তমান পরিস্থিতিতে রাজ্য সম্মেলনের গুরুত্ব ও তাৎপর্য অনুধাবন করে দলনেতা/প্রতিনিধিবৃন্দ আদর্শ ভূমিকা নেবেন এবং জনমনে ও কর্মচারী মানসে উজ্জ্বল ভাবমূর্তি প্রতিষ্ঠায় অগ্রণী হবেন।

সংগ্রামী অভিনন্দন সহ,

বিজয় শংকর সিংহ,

।। সাধারণ সম্পাদক ।।